দৈনিক ইনকিলাব

240

তারিখ ... JUL-3 4 1999 ... ...
পৃষ্ঠা 7 কলাম 6......

## মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষার সম্প্রসারণ চাই

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ-এর "মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম" একটি গণমুখী এবং অত্যন্ত আকর্ষণীয় প্রকল্প। প্রকল্পটি প্রতি জেলায় মাত্র ৩টি থানায় চালছে। সীমিত সময়ের মধ্যে কার্যক্রমটি প্রতিটি শিক্ষা প্রিয় মানুষের দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে।

আমরা পিরোজপুর জেলার ভান্ডারীয়া থানার গরীব শিক্ষানুরাগী অধিবাসী অত্র এলাকায় যথেষ্ট পরিমাণে সুন্দর সুন্দর মসজিদ রয়েছে। যা নামাজ শেষে তালাবদ্ধ থাকে। উক্ত মসজিদগুলোতে "মসজিদভিত্তিক শিশু গণশিক্ষা" চালু করলে এলাকাবাসী অত্যন্ত উপকৃত হত। তাই মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট উক্ত এলাকা (থানা) যাতে উক্ত শিক্ষার অন্তর্ভুক্ত করা হয় তার জন্য আকুল আবেদন জানাচ্ছি।

—মোঃ আবু জাফর,
ভান্ডারিয়া, পিরোজপুর।